BGMEA

# বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ী # ৭/৭এ, ব্লক # এইচ ১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা।

বিজ্ঞপ্তি নং- বিজিএ/শ্রম/২০২৫/৮৭ তারিখ ঃ ২১ এপ্রিল ২০২৫

**বিষয়ঃ শিল্প সম্পর্ক বিষয়ক ১৮৯ তম প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

আপনি অবগত আছেন যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রাণালয়াধীন শ্রম অধিদপ্তরের শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারী, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের জন্য নিয়মিতভাবে ০৪ (চার) সপ্তাহ মেয়াদী "শিল্প সম্পর্ক বিষয়ক" প্রশিক্ষন কোর্স পরিচালনা করছে। উক্ত কোর্সে শিল্প সম্পর্ক, ট্রেড ইউনিয়ন, সিবিএ এর কার্যক্রম, শ্রমিক নিয়োগ ও চাকুরীর শর্তাবলী, কর্মঘন্টা ও ছুটি, প্রসুতি কল্যান সুবিধা, মানব সম্পদ ব্যবস্থাপনা, পার্টিসিপেশন কমিটি, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা, শ্রমিকদের আচরন ও শৃঙ্খলা কমপ্লায়েন্স ইস্যু ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত রয়েছে। শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিক-কর্মচারী, ট্রেড ইউনিয়ন ও সিবিএ এর কর্মকর্তা ও সদস্য, মালিক/ব্যবস্থাপনা কর্তৃপক্ষ/মানব সম্পদ/কর্মী ব্যবস্থাপনায় নিযোজিত কর্মকর্তা এবং সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের জন্য এ প্রশিক্ষন অতীব গুরুত্বপূর্ণ।

উল্লেখ্য, "শিল্প সম্পর্ক বিষয়ক" প্রশিক্ষণ কোর্সের জন্য কোনরুপ কোর্স ফি দিতে হবে না। প্রশিক্ষণে অংশগ্রহনকারী প্রত্যেক প্রশিক্ষণার্থীকে বিধি মোতাবেক এ শিক্ষায়তন হতে দৈনিক ৩০০/-(তিনশত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা, প্রশিক্ষণ সামগ্রী এবং প্রশিক্ষণ সমাপ্তিতে সার্টিফিকেট প্রদান করা হয়।

আগামী ০৪-০৫-২০২৫ খ্রিঃ তারিখ হতে ২৯-০৫-২০২৫ খিঃ তারিখ সময়ে বর্ণিত কোর্সটি স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক শিক্ষায়তনের নিজস্ব মিলনায়তনে আয়োজন করা হবে। আপনার প্রতিষ্ঠান উল্লেখিত প্রশিক্ষণে মনোনয়ন প্রদান করতে সম্মত হলে সম্মতি পত্রসহ সংযুক্ত ছক মোতাবেক যে সকল প্রশিক্ষণার্থী ২০ কর্মদিবস প্রশিক্ষণে উপস্থিত থাকতে পারবেন তাদের নামের তালিকা ও অন্যান্য তথ্যাদি আগামী ৩০-০৪-২০২৫ খিঃ তারিখের মধ্যে পত্র মারফত এবং director.iritongi@gmail.com ই-মেইলে (সফটকপি) প্রেরণের জন্য অনুরোধ করা হলো। মনোনীত প্রশিক্ষণার্থীর জীবন বৃত্তান্ত ফরম পূরনের সময় পাসপোর্ট সাইজের ০১ কপি ছবি জমা দিতে হবে।

| ক্র নং | বাংলা/ ইংরেজী | প্রশিক্ষণার্থীর নাম | পদবী | মাতার নাম | এনআইডি/ জন্ম নিবন্ধন নং | পিতার নাম | মোবাইল নং | জেন্ডার | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | | শ্রমিক/মালিক প্রতিনিধী |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | বাংলা | | | (বাং) | (ইং) | ইংরেজী | | | ইংরেজী | | |
| | ইংরেজী | | | | | বাংলা | | | বাংলা | | |

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

বিঃ দ্রঃ নমিনেশন পাঠানোর ঠিকানা ঃ পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, আইআরআই রোড, টঙ্গী, গাজীপুর অথবা
ই-মেইল ঃ director.iritongi@gmail.com

অপর পৃষ্ঠা দেখুন

## শিল্প সম্পর্ক শিক্ষায়তন কর্তৃক পরিচালিত" শিল্প সম্পর্ক বিষয়ক প্রশিক্ষণ কোর্স '' সম্পর্কিত কোর্স নির্দেশিকা :

০-১। কোর্সের মেয়াদ : ০৪ ( চার ) সপ্তাহ

০-২। প্রশিক্ষণের উদ্দেশ্য : প্রশিক্ষণের মাধ্যমে ব্যবস্থাপনা ও শ্রমিকদের মধ্যে সৌহার্দপূর্ণ শিল্প সম্পর্ক তৈরী করা, শ্রম আইনের বিধিবিধান সম্পর্কে বাস্তবমুখী জ্ঞানের আলোকে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের দায়িত্বশীল ও সচেতন করে গড়ে তোলা, শিল্পে শান্তি ও উৎপাদনশীলতা বৃদ্ধি নিশ্চিত করা।

০-৩। প্রশিক্ষণার্থীর পর্যায়ে : ত্রি-পক্ষীয় (মালিক-শ্রমিক, সরকার ) প্রশিক্ষণ কোর্স হিসেবে শিল্প প্রতিষ্ঠানের মালিক তথা ব্যবস্থাপনা প্রতিনিধি, মালিক প্রতিনিধি, শ্রমিক প্রতিনিধি তথা ট্রেড ইউনিয়নের কর্মকর্তা ও সাধারণ সদস্য, পার্টিসিপেশন কমিটির সদস্য, সেইফটি কমিটি এবং সরকারী, বেসরকারী, স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানের মিড লেভেল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

০-৪। প্রশিক্ষণ কোর্সের বিষয়বস্তু : বাংলাদেশ শ্রম আইন.২০০৬ ( অদ্যাবধি সংশোধিত ২০১৮) ও বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ এর আলোকে ২১টি অধ্যায়,৩৫৪টি ধারা/ উপ ধারা,তফসিল সমুহ, বিধি সমুহ থিওরিটিক্যাল ক্লাসের পাশাপাশি কেস ষ্ট্যাডি, ভূমিকাভিনয়, রিভিউ আলোচনা, মূল্যায়ন ভিডিও চিত্র প্রদর্শনী ইত্যাদির মাধ্যমে শিক্ষায়তনের অভিজ্ঞ অনুষদ সদস্যবৃন্দ এবং সংশ্লিষ্ট বিষয়ে অতিথি বক্তাদের দ্বারা আলোচনা ও বক্তৃতা

- বাংলাদেশের শ্রমনীতি, শ্রম প্রশাসন, ৪র্থ শিল্প বিপ্লব, শিল্পে মানবিক সম্পর্ক ও শিল্প সম্পর্কের উন্নয়ন, নিরাপদ কর্মপরিবেশ সৃষ্টিতে শ্রমিক ও মালিকের দায়িত্ব ও কর্তব্য, শিল্পে উৎপাদনশীলতার ধারণা ও বৃদ্ধিরকৌশল, প্রতিষ্ঠানের যোগাযোগ পদ্ধতি ও কৌশল, জাতীয় শুদ্ধাচার কৌশল ও নীতিমালা, মানব সম্পদ উন্নয়ন:
- ILO Convention এর আলোকে বাংলাদেশের শ্রমমান, ILO এর গঠন এবং বিশ্বব্যাপী ও বাংলাদেশে এর কার্যাবলী, core convention. সর্বশেষ C-190 (Elimination of Violence and Harassment in the World of Work) Future of Work,Decent work and Better work
- তথ্য অধিকার আইন ও বিধিমালা, লিঙ্গ ভিত্তিক সহিংসতা ও বৈষম্য দূরী করণে নারী পুরুষের ভূমিকা, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, অটিজম, স্বাস্থ্য ও পুষ্টি, করোনাকালীন স্বাস্থ্যসচেতনতা, ডেঙ্গু প্রতিরোধে করণীয়।

০-৫। অংশগ্রহণকারী প্রশিক্ষাণার্থীদের প্রশিক্ষণ ভাতা : দৈনিক ৩০০/- টাকা হারে ( জনপ্রতি )

০-৬। সনদপত্র : প্রশিক্ষণ সাফল্য জনক ভাবে সমাপ্তিতে সরকারি সনদপত্র প্রদান করা হয়।

০-৭। প্রশিক্ষণ ভেন্যু : প্রশিক্ষণ কোর্সটি শিক্ষায়তনের নিজস্ব অডিটরিয়মে অনুষ্ঠিত হয়।

০-৮। শিক্ষায়তনের ঠিকানা : শিল্প সম্পর্ক শিক্ষায়তন, আই আর আই রোড, টঙ্গী, গাজীপুর (টঙ্গী বাজার বাস ষ্ট্যান্ড এর পশ্চিম পাশে )।

০-৯। প্রশিক্ষক
- প্রশিক্ষণ কোর্সে শিক্ষায়তনের পরিচালক, উপ-পরিচালক, সহকারি পরিচালকসহ অন্যান্য কর্মকর্তাগণ নির্ধারিত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করে থাকেন।
- উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিল্প পুলিশের কর্মকর্তা, অভিজ্ঞ ট্রেড ইউনিয়নিষ্টসহ নির্ধারিত বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন অতিথি বক্তাগণ বক্তৃতা প্রদান করেন।

১০। কোর্সের সময়সূচী : সকাল ০৯:০০ মি. থেকে বিকাল ৫:০০ মি. পর্যন্ত।

১১। প্রশিক্ষণ পদ্ধতি : বক্তৃতা ও আলোচনা, কেসস্ট্যাডি, গ্রুপ আলোচনা,ভূমিকাভিনয়, বির্তক প্রতিযোগিতা, চলচ্চিত্র প্রদর্শনী, প্রতিবেদন, সাপ্তাহিক মূল্যায়ন,রিভিউ আলোচনা।